# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০২০

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - মুসাফিরের সওম

بَابُ صَوْمِ الْمُسَافِرِ

## আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَسِتَّ عَشْرَةَ مَضَتْ مِنْ شَهْرِ رَمَضَانَ فَمِنَّا مَنْ صَامَ وَمِنَّا مَنْ أَفْطَرَ فَلَمْ يَعِبِ الصَّائِمُ عَلَى الْمُفْطِرِ وَلَا الْمُفْطِرُ عَلَى الصَّائِمِ. رَوَاهُ مُسلم

## বাংলা

২০২০-[২] আবূ সা’ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (একবার) আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে যুদ্ধে রওনা হলাম। সে সময় রমাযান (রমজান) মাসের ষোল তারিখ অতিবাহিত হয়েছিল। (এ সময়) আমাদের কেউ সওম রেখেছে, আবার কেউ রাখেনি। সায়িমগণ সওমে না থাকা লোকদেরকে খারাপ জানেনি আবার সওমে না থাকা লোকজনও সায়িমগণকে খারাপ মনে করেনি। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১১৬, আহমাদ ১১৭০৫, সহীহ আত্ তারগীব ১০৬২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর রমাযানে ভ্রমণের তারিখ নির্ধারণে একাধিক বর্ণনা রয়েছে। সহীহ মুসলিমের বর্ণনায় রমাযানের ১৮ তারিখের কথা রয়েছে। কোন কোন বর্ণনায় ১২, কোন বর্ণনায় ১৭, কোন বর্ণনায় ১৯ তারিখের কথাও রয়েছে। তবে আল মাগাযী’র প্রসিদ্ধ গ্রন্থগুলোতে রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের ভ্রমণে রওনা দিয়েছেন রমাযানের ১০ তারিখে, এবং মক্কায় পৌঁছেছেন রামযানের ১৯ তারিখে। এ ভ্রমণে সাহাবীগণের মধ্য কিছু সংখ্যক সিয়াম পালন করছেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা অপছন্দ করেননি। আবার অনেকেই সিয়াম ছেড়ে দিয়েছেন। এ ব্যাপারে তিনি তা অপছন্দ করেননি। সুতরাং প্রমাণিত হয় উভয়টি (সফরে সওম রাখা বা না রাখা) জায়িয। তবে কোন বর্ণনায় কিছু

বর্ধিত বর্ণনা রয়েছে যে, সফরে যে সিয়াম পালনে সক্ষম সে সিয়াম পালন করবে এবং তার জন্য এটাই উত্তম। আর যে অক্ষম সে ছেড়ে দিবে এটাই তার জন্য উত্তম। ‘আল্লামা নাবাবী (রহঃ) বলেন যে, অধিকাংশ ‘উলামাগণের মতানুযায়ী সফরে সামর্থ্যবান ব্যক্তির জন্য সওম বর্জন করাটাই অধিক অগ্রগণ্য। কারো কারো মতে সফরে সওম রাখা বা না রাখা উভয়েই সমান। তবে অধিকাংশ ‘উলামাগণের কথাই অগ্রগণ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56580

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন